



Australian Government
Department of Health

বিধিনিষেধের শিথিলতা

অস্ট্রেলিয়া সফলভাবে ‘বক্রেরখার বক্রতা কমিয়ে’ এনেছে এবং COVID-19-এর নতুন রোগীর সংখ্যা এই মুহূর্তে সারা দেশজুড়ে খুবই কম। এখন আমরা সতর্কতামূলক ধাপ নেবার মাধ্যমে কিছু বিধিনিষেধে শিথিলতা আনতে শুরু করতে পারি যা আমাদেরকে ভাইরাসটির বিস্তার দমন করতে সাহায্য করেছে।

COVID-19-এর বিস্তার স্টেট ও টেরিটোরিগুলোতে বিভিন্নভাবে হয়েছে। ন্যাশনাল ক্যাবিনেট (National Cabinet) একটি তিন-ধাপ বিশিষ্ট পরিকল্পনায় সম্মত হয়েছেন যা এখন থেকে জুলাই মাস পর্যন্ত মূলধারার বিধিনিষেধগুলোকে ক্রমান্বয়ে সরিয়ে ফেলার বিষয়টি বিবেচনায় আনবে। এই পরিকল্পনাটি অস্ট্রেলিয়ান হেলথ প্রোটেকশন প্রিন্সিপাল কমিটি (Australian Health Protection Principal Committee)-এর বিশেষজ্ঞদের উপদেশের ভিত্তিতে করা হয়েছে।

এই পরিকল্পনার অধীনে স্টেট ও টেরিটোরিগুলো তাঁদের নিজ নিজ পরিস্থিতির উপর ভিত্তি করে ভিন্ন ভিন্ন গতিতে ধাপগুলোর মধ্যদিয়ে যেতে পারবেন।

আমরা যেহেতু COVIDSafe অস্ট্রেলিয়ার দিকে এগিয়ে যাচ্ছি, আমাদের সবারই এখনো শারীরিক দূরত্ব ও ভালো স্বাস্থ্যবিধি মেনে চলা প্রয়োজন। আগের চেয়েও এখন সবচাইতে যা গুরুত্বপূর্ণ তা হলো যে, মানুষরা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকতে হবে- এমনকি যদি তা শুধুমাত্র অল্প অসুস্থতা হয় তবুও।

COVIDSafe অ্যাপ-টি পরিবার, বন্ধুবান্ধব ও গোষ্ঠিগুলোকে COVID নিরাপদ (COVIDSafe) রাখতে সহায়তা করবে।

বিধিনিষেধগুলো শিথিল হলে আমাদের COVIDSafe-এ - সফল থাকা নির্ভর করবে আমাদেরই উপর- স্বতন্ত্র ব্যক্তি হিসেবে- দায়িত্ব নেয়া এবং এইসব আচরণগুলোকে আমাদের দৈনন্দিন জীবনের অংশ তৈরি করার মাধ্যমে। যখনই আপনি বাড়ির বাইরে যান, ভাবুন যে আপনি কীভাবে আপনার নিজেকে, পরিবারকে, বন্ধুদের এবং সহ-কর্মীদেরকে নিরাপদে রাখতে পারবেন।

৩-ধাপের পরিকল্পনাটি অস্ট্রেলিয়ানদেরকে সামনের মাসগুলোতে কী হতে যাচ্ছে সে ব্যাপারে আরো বেশি নিশ্চয়তা দেয়। প্রতিটি বৃহত্তর বিধিনিষেধের ক্ষেত্রগুলোর মধ্যবর্তি তিনটি মুখ্য ধাপ আছে, আমরা এখন কোথায় আছি ও কোথায় অবস্থান করতে চাই তার মাঝে।

প্রথম ধাপগুলো সাবধানতামূলক কারণ এটি গুরুত্বপূর্ণ, যেন আমরা যাতে খুব দ্রুত এগিয়ে না চলি এবং আমরা যা অর্জন করেছি তা হারিয়ে না ফেলি। কিছু ব্যবসা পুনরায় খোলা চালু করবে যেহেতু আমরা সর্বোচ্চ ১০ জন পর্যন্ত মানুষের দলকে বাড়িতে ও কম্যুনিটিতে থাকার অনুমতি প্রদান করা শুরু করেছি। এই প্রথম ধাপগুলো আমাদের অর্থনীতিকে পুনরায় গড়ে তোলা শুরু করতে সাহায্য করবে, এবং আমাদেরকে পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে মুখোমুখি সংযোগের আরো বেশী সুযোগ দেবে।

দ্বিতীয় ধাপগুলো আরো বৃহত্তর সমাবেশ ও অধিক পরিমাণ ব্যবসার পুনরায় চালু হবার উপর স্থাপিত হবে। যখন ব্যবসাগুলো পদক্ষেপ নিয়ে নিশ্চিত করবে যে তারা COVIDSafe, তখনই আমরা সবাই নিরাপদে ও আত্মবিশ্বাসের সাথে সেসব জিনিসগুলো করতে পারার কথা মনে করতে পারবো যেগুলো আমরা গত কিছু মাসে করতে পারিনি। কিছু উচ্চতর ঝুঁকিপূর্ণ ব্যাপার তখনও নিষিদ্ধ থাকবে।

তৃতীয় ধাপগুলো শুরু হবে জীবনযাপন ও কর্মক্ষেত্রে দীর্ঘমেয়াদী COVIDSafe পন্থা অবলম্বন করার জন্য। এটি হবে আমাদের ‘নতুন স্বাভাবিক’ যখন ভাইরাসটি একটি হুমকি হয়েই থাকে। বিধিনিষেধগুলো কমিয়ে আনা হবে। সর্বোচ্চ ১০০ জন পর্যন্ত সমাবেশ, আন্তঃরাজ্য ভ্রমণ, গণ খেলাধুলার বিকাশ, এবং নিউজিল্যান্ডে ভ্রমণের সম্ভাবনাকে বিশ্বজনীন COVIDSafe চর্চার মাধ্যমে জোরালো করা হবে। কিছু নিষেধাজ্ঞা, যেমন আন্তর্জাতিক ভ্রমণ, গণ সমাবেশ-এর মতো বিষয়গুলোতে তখনও থাকতে পারে।

ন্যাশনাল ক্যাবিনেট (National Cabinet) নিয়মিতভাবে আমাদের অগ্রগতি পর্যালোচনা করবেন যেন আমরা নিরাপদে সামনের দিকে এগিয়ে যেতে পারি।

বিধিনিষেধগুলো শিথিল হয়ে যাচ্ছে বিষয় অস্ট্রেলিয়ার রোগীর সংখ্যা বৃদ্ধি বা সম্ভাব্য প্রাদুর্ভাবের অনুমান করা উচিত। এই পরিকল্পনাটি COVID-19 -এর আগে আমাদের যে জীবন ছিল তাতে ফিরে যাওয়ার ব্যাপারে নয়, বরং কীভাবে COVID নিরাপদ (COVIDSafe) জীবনযাপন করা যায় তা শেখার বিষয়ে।

যদি সকলেই তাঁদের ভূমিকা পালন করেন, আমরা একটি COVIDSafe অস্ট্রেলিয়া গড়ে তুলতে পারবো, যেখানে জীবন ও জীবনযাত্রা উভয়ই সুরক্ষিত থাকবে।